গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩২৮ তারিখ: ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন দক্ষিণগাঁও কালিয়াব দাখিল মাদ্রাসার কর্মরত সহকারী শিক্ষক (অর্থনীতি), জনাব মোঃ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (১)USEO,কাপাসিয়া,গাজীপুর এর স্মারক নং-৩৭.০২.৩৩৩৬.০০০.১১১.২০২১-১৬১;তাং০২/০৯/২০২১
(২)তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.২৩০.২১.৮০;তাং:০৭/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন দক্ষিণগাঁও কালিয়াব দাখিল মাদ্রাসার কর্মরত সহকারী শিক্ষক (অর্থনীতি), জনাব মোঃ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধন সংক্রান্ত আবেদনটির নিস্পত্তির লক্ষ্যে জনাব মোঃ আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা), মাশিঅ এবং জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (রংপুর), মাশিঅ এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির মতামত নিম্নরূপ:"এমপিওশীটে বর্ণিত জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর বিষয় সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইয়ে দেখা যায় যে,

(ক) জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স- D2003539) বর্ণিত মাদ্রাসায় সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) পদে ০১/০৪/২০০৩ খ্রি: তারিখে যোগদান করেন এবং এপ্রিল/২০০৪ মাসে তিনি ১১ কোডে সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) পদে এমপিওভুক্ত হয়ে বর্তমানে দুইটি টাইমস্কেল পেয়ে একই পদে ও বেতন কোড (০৯) এ বর্ণিত মাদ্রাসায় কর্মরত আছেন। প্রথম এমপিওশীট থেকে নভেম্বর/২০১৫ পর্যন্ত এমপিও শিটে কোন পদবী ও বিষয় উল্লেখ ছিলনা। জানুয়ারী/২০১৬ হতে সর্বশেষ এমপিওশীট পর্যন্ত জনাব মোহাম্মদ নুরুল আমিন এর নামের পাশে সহকারী শিক্ষক পদবী এর বিপরীতে বিষয় অর্থনীতি (ECONOMICS) মুদ্রিত হয়ে আসছে।

(খ) আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র যাচাইয়ান্তে আরো দেখা যায় যে, জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর পত্রিকার বিজ্ঞপ্তি, চাকুরির আবেদন, ফলাফল শিট, নিয়োগপত্র, যোগদানপত্র, গভর্ণিং বডির রেজুলেশনসহ সকল কাগজ-পত্রে পদের নাম সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) উল্লেখ আছে এবং প্রতিকার প্রার্থীর সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) পদের বিপরীতে কাম্য সনদ (এসএসসি, এইচএসসি, বিএসসি) রয়েছে এবং বিএসসি (পাস) এর ফলাফল শিট যাচাইয়ান্তে বিষয় Botany ও zoology পরিদৃষ্ট হয় বিধায়, প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ নুরুল আমিন এর পদবী সহকারী শিক্ষক/AT এর বিপরীতে বিষয় জীব বিজ্ঞান/BIOLOGY মর্মে প্রতীয়মান হয়।

অধিকন্তু এমপিও শিটে বিষয় জীব বিজ্ঞান/BIOLOGY সংশোধিত হলে জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স- D2003539) এর বেতন কোডের (০৯) কোন পরিবর্তন হবেনা এবং এতে সরকারের কোন আর্থিক ক্ষতির সম্ভাবনা নেই।

গ) মতামতঃ পত্রিকার বিজ্ঞপ্তি, চাকুরির আবেদন, ফলাফল শিট, নিয়োগপত্র, যোগদানপত্র, গভর্ণিং বডির রেজুলেশন, শিক্ষক কর্মচারী তালিকা ও হালনাগাদ বেতন বিলের কপিতে পদবী সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) উল্লেখ আছে এবং সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) পদের সামঞ্জস্যপূর্ণ একাডেমিক সনদ বিদ্যমান আছে।বিধায়, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন দক্ষিণগাঁও কালিয়াব দাখিল মাদ্রাসায় কর্মরত সহকারী শিক্ষক (অর্থনীতি) জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর সঠিক বিষয় BIOLOGY সংশোধন করার জন্য সুপারিশ করা হলো।"

০৩।তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কাপাসিয়া, গাজীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থীর আবেদনের ভিত্তিতে জনাব মোহাম্মদ নুরুল আমিন(ইনডেক্স- D2003539) এর তথ্য এবং প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় নিম্নরূপঃ

| ক্রম | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | সহকারী শিক্ষক পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান পদবী সংশ্লিষ্ট বিষয় | প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স-D2003539), সহকারী শিক্ষক,দক্ষিণগাঁও কালিয়াব দাখিল মাদ্রাসা, কাপাসিয়া, গাজীপুর | ০১.০৪.২০০৩খ্রি. | ECONOMICS | BIOLOGY | এমপিও শীটে বিদ্যমান পদবী সংশ্লিষ্ট বিষয় ECONOMICS এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় BIOLOGY সংশোধন যোগ্য। |

০৪। এমতাবস্থায়, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স-D2003539) এর পদবী সংশ্লিষ্ট বিষয় ECONOMICS এর পরিবর্তে BIOLOGY সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪।প্রতিকারপ্রার্থী জনাব মোহাম্মদ নুরুল আমিন(ইনডেক্স-D2003539)কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

সংযুক্তি: বর্ণনামতে-০৬ ফর্দ।

১৩-২-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩২৮/১(৬)

তারিখ: ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

৫) সভাপতি/সুপার/ জনাব মোহাম্মদ নুরুল আমিন (ইনডেক্স- D2003539), সহকারী শিক্ষক (অর্থনীতি) দক্ষিণগাঁও কালিয়াব দাখিল মাদ্রাসা, কাপাসিয়া, গাজীপুর।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

১৩-২-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক